

## 🔳 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ২৯৯ বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ১৪০- উত্তম মাল উত্তম লোকের জন্য।

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ، قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عَلِيِّ قَالَ: سَمِعْتُ أَبِي يَقُولُ: سَمِعْتُ عَمْرَو بْنَ الْعَاصِ قَالَ: بَعَثَ إِلَيَّ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَمَرَنِي أَنْ آخُذَ عَلَيَّ ثِيَابِي عَمْرُو بْنَ الْعَاصِ قَالَ: بَعَثَ إِلَيَّ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَمَرَنِي أَنْ آخُدُ عَلَيَّ ثِيَابِي وَسِلاَحِي، ثُمَّ آتِيهِ، فَفَعَلْتُ فَأَتَيْتُهُ وَهُو يَتَوَضَّأَ، فَصَعَّدَ إِلَيَّ الْبَصَرَ ثُمَّ طَأُطأً، ثُمَّ قَالَ: يَا عَمْرُو، إِنِي أُرِيدُ أَنْ أَبْعَثَكَ عَلَى جَيْشٍ فَيُغْنِمُكَ اللَّهُ، وَأَرْغَبُ لَكَ رَغْبَةً مِنَ الْمَالِ صَالِحَةً، قُلْتُ: إِنِي لَمْ أُسْلِمْ رَغْبَةً فِي الْإِسْلاَمِ فَأَكُونُ مَعَ رَسُولِ اللهِ قَلْتُ: إِنِي لَمْ أُسلِمْ وَقَالَ: يَا عَمْرُو، نِعْمَ الْمَالُ الصَّالِحِ لِلْمَرْءِ الصَّالِحِ.

## বাংলা

২৯৯। আমর ইবনুল আস (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোক মারফত আমাকে নির্দেশ দেন যে, আমি যেন পোশাকে ও অন্ত্রে সজ্জিত হয়ে তাঁর নিকট উপস্থিত হই। অতএব আমি তাই করলাম। আমি যখন তাঁর নিকট এসে উপস্থিত হলাম, তখন তিনি উযু করছিলেন। তিনি আমার দিকে চোখ তুলে তাকিয়ে গভীরভাবে দেখলেন, তারপর দৃষ্টি অবনত করে বলেনঃ হে আমর! আমি তোমাকে একটি বাহিনীর সেনাপতি নিয়োগ করে পাঠাতে চাচ্ছি, যাতে আল্লাহ তোমাকে গনীমতের অধিকারী করেন। আমি তোমার জন্য উৎকৃষ্ট মাল কামনা করি। আমি বললাম, আমি সম্পদের লোভে ইসলাম গ্রহণ করিনি। আমি ইসলামের আকর্ষণে মুসলিম হয়েছি, যাতে আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে থাকতে পারি। তিনি বলেনঃ হে আমর! হা, উত্তম লোকের জন্যই উত্তম সম্পদ (মুসতাদরাক আল হাকিম, ইবনু হিব্বান)।

## **English**

'Amr ibn al-'As said, "The Prophet, may Allah bless him and grant him peace, sent for me. He commanded me to put on my clothes and arms and come to him. I did that and came to him while he was doing wudu'. He looked at me and then lowered his eyes. then he said, "Amr, I want to put you in charge of an army and Allah will give you booty. I will give you a correct portion of the spoils." I said, "I did not become Muslim out of the desire for property. I



became Muslim out of the desire for Islam and so that I would be with the Messenger of Allah, may Allah bless him and grant him peace.' He said, "Amr! Sound property is very excellent for a sound man!"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন